

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধবার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি: তৃতীয়

বিষয়: বাংলা

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

প্রদত্ত অনুচ্ছেদ পড়ে ১ ও ২ ক্রমিক পর্যন্ত প্রশ্নের উত্তর লিখ।

ওরা দেখল, আমগাছের ডালে বড় একটা মৌচাক। খালুর কাছে শুনল মৌমাছি, পিঁপড়ে ও পাখিরা অনেক উপকার করে। আমগাছ দেখিয়ে খালু বললেন, “এখন গাছে মুকুল হয়েছে। কিছুদিন পর এগুলো আমের গুটিতে পরিণত হবে।” ঐশী খুশিতে হাততালি দিল। বলল আমি জানি, আমরা তো গাছ থেকে কত রকমের খাবার খাই। খড়ি আর কাঠও পাই।” ওরা সবাই বাগানের দিকে তাকাল। দেখল, বাতাসে গাছের ডালে দুলছে। পাখি, মৌমাছি উড়ছে ও ফুলে বসছে। সবাই যেন সবার কত আপনজন।

১। নিচের শব্দগুলোর অর্থ লিখ : (যেকোন ৫টি)

১ × ৫ = ৫

মুকুল, খুশি, উপকার, পরিণত, গুটি, বাগান, আপনজন।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে লিখ :

২ + ৪ + ৪ = ১০

ক) খালু মৌমাছি, পিঁপড়ে, পাখিদের সম্পর্কে কী বললেন ?

খ) কোন প্রাণী মৌচাক তৈরি করে ?

গ) আমের মুকুলগুলো কিছুদিন পর কীসে পরিণত হয়?

প্রদত্ত অনুচ্ছেদ পড়ে ৩ ও ৪ ক্রমিক পর্যন্ত প্রশ্নের উত্তর লিখ।

কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো-কী আঁচল বিছায়েছ
বটের মূলে, নদীর কূলে কূলে।

মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো

মরি হয়, হয় রে-

মা, তোর বদনখানি মলিন হলে, ও মা আমি নয়ন জলে ভাসি।

আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি।

৩। প্রদত্ত শব্দের অর্থ বুঝে শূন্যস্থান পূরণ কর :

১ × ৫ = ৫

শব্দ	শব্দার্থ
শোভা	সৌন্দর্য
মলিন	বিষণ্ণ, ম্লান
মায়া	মমতা
আঁচল	শাড়ির শেষ ভাগ
বাণী	মুখের কথা

১৩। বিদ্যালয়ে অনুপস্থিত থাকার কারণে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ। ৫
অথবা,

ছোট ভাইয়ের জন্মদিন উপলক্ষে তোমার বন্ধুকে একটি নিমন্ত্রণ পত্র লিখ।

১৪। রচনা লিখ : ২০০ শব্দের মধ্যে (যেকোনো ১টি) :

১০

ক) আমাদের বিদ্যালয়

খ) জাতীয় ফুল শাপলা।

- ক) গ্রামটির..... ভারি সুন্দর।
 খ) সুমি মায়ের ধরে আছে।
 গ) অন্ধ ছেলেটিকে দেখে রাফির হলো।
 ঘ) মনীষীরা অনেক দিয়েছেন।
 ঙ) রূপার মুখটি দেখাচ্ছে।

৪। অনুচ্ছেদ পড়ে প্রশ্ন গুলোর উত্তর লেখ : ৫ × ৩ = ১৫

- ক) দেশকে মায়ের সাথে তুলনা করা হয়েছে কেন ?
 খ) মুখের বাণী বলতে কী বোঝানো হয়েছে ?
 গ) মায়ের মুখ মলিন হলে আমরা কী করি ?

৫। ত্রিগুণপদের চলিত রূপ লিখ : (যেকোনো ৫টি) ৫

আসিয়াছি, করিতেছি, যাইব, খেলিতেছিল, পড়িতেছে, লিখব, খাইতেছি।

৬। নিচের অনুচ্ছেদটি পড়ে (কে, কী, কোথায়, কীভাবে, কেন, কখন) প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রশ্ন তৈরি করো: (যেকোনো ৫টি) ৫

ফেব্রুয়ারি মাসের ২১ তারিখ। ১৯৫২ সাল। ফাল্গুন মাস। ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা। চারদিকে থমথমে ভাব। পুলিশ মিছিল করতে নিষেধ করেছে। পাকিস্তান সরকার চায় উর্দুকে রাষ্ট্রভাষা করতে। কিন্তু ছাত্র-জনতা তা মানবে না। প্রয়োজনে তারা জীবন দেবে। মিছিল বের হলো। পুলিশ গুলি করল। গুলিতে নিহত হলেন রফিক, সালাম, বরকত, জব্বারসহ নাম না জানা অনেকে। তাঁরা আমাদের ভাষাশহিদ। এই ভাষা শহিদেদেরা মাতৃভাষাকে ভালোবাসতেন। তাঁরা জীবন দিয়ে বাংলা ভাষার সম্মান রক্ষা করেছেন।

৭। যুক্তবর্ণ বিভাজন কর এবং একটি করে শব্দগঠন করে বাক্যে প্রয়োগ কর। $২ \times ৫ = ১০$
 ন্দ, জ্জ, ঙ্গ, ষ্ঠ, স্ব, ষ, স্ফ।

৮। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লিখ : ৫

দাও আমি ওটা লাগিয়ে দিচ্ছি রবি তোমার প্রস্তাবটি খুব ভালো জাতীয় পতাকার স্থান তো সবার ওপরই

৯। এক কথায় প্রকাশ কর : (যেকোনো ৫টি) ৫

সূর্য ওঠার পূর্বদেশ, নদী মাতা যার, মায়ের কাছে শেখা ভাষা, যিনি কবিতা লেখেন, তেরো শত নদীর দেশ, অক্ষির সম্মুখে বর্তমান, একই গুরুর শিষ্য।

১০। বিপরীত শব্দ লিখ (যেকোনো ৫টি) : ৫

যত্ন, মস্ত, দেখা, বেজায়, মোটা, আনন্দ, ভাল।

১১। পাঠ্যবইয়ের কবিতা পড়ে প্রশ্নগুলোর উত্তর লিখ :

২ + ৫ + ৩ = ১০

চল্ চল্ চল্
 উর্ধ্ব গগনে বাজে মাদল
 নিম্নে উতলা ধরণি তল
 অরণ্য প্রাতের তরণ্য দল
 চল রে চল রে চল
 চল্ চল্ চল্ ॥
 উষার দুয়ারে হানি আঘাত
 আমরা আনিব রাঙা প্রভাত,

- ক) বিদ্যুচল কী ?
 খ) কবিতাংশের মূলভাব লেখ।
 গ) কোথায় আঘাত করে রাঙা প্রভাত আনার সংকল্প করা হয়েছে?

১২। বিদ্যালয়ে ভর্তির জন্য নিচের ফরমটি পূরণ কর : ৫

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়
 রাজবাট, দিনাজপুর।

নাম :
 মাতার নাম :
 পিতা/অভিভাবকের নাম :
 অভিভাবকের মোবাইল নম্বর :
 যে শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক :
 বর্তমানে যে শ্রেণিতে পড়ো :
 বর্তমান শ্রেণির ক্রমিক নম্বর :
 বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের নাম :
 অত্র বিদ্যালয়ে ভর্তির কারণ :
 বর্তমান ঠিকানা :
 স্থায়ী ঠিকানা :

.....
 শিক্ষার্থীর স্বাক্ষর